# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (a) রভীশ তেওয়ারি পেশায় একজন সাংবাদিক ছিলেন। তিনি মূলত রাজনৈতিক খবর পরিবেশনের জন্য পরিচিতি লাভ করেছেন। ইন্ডিয়ান এক্সপ্রেস সংবাদপত্রের ন্যাশনাল ব্যুরো চিফ হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। *অ্যাচিভার্স*
2. (d) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক প্রাকৃতিক দুর্যোগ ও কীটপতঙ্গজনিত রোগের কারণে ক্ষতিগ্রস্ত ফসলের আর্থিক বিমা কৃষকদের প্রদান করার জন্য প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা চালু করেছে। এই যোজনারই প্রচারাভিযান কর্মসূচী হিসাবে সম্প্রতি ওই কেন্দ্রীয় মন্ত্রক 'মেরি পলিসি, মেরি হাত' চালু করেছে।
3. (c) ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদলের ওপর পুলিশের গুলিবর্ষণে রফিক, জব্বর, সফিউল, বরকত সহ অনেকে শহিদ হন। তাই এই দিনটিকে স্মরণীয় করে রাখতে ২০১০ সালের ৫ আগস্ট রাষ্ট্রসংঘ সারা বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার কথা ঘোষণা করে। সেই দিন থেকে ২১ ফেব্রুয়ারি সারা বিশজুড়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে পালন করা হয়ে আসছে। এবছরের এই দিবসের থিম হল 'Using Technology for Multilingual Learning : Challenges and Opportunities'.
4. (b) চেতন ঘাটে 'দ্য ইনস্টিটিউট অফ ইকনমিক গ্রোথ'-এর ডিরেক্টর হিসাবে পূর্ববর্তী পদাধিকারী অজিত মিশ্রর স্থলাভিষিক্ত হলেন। এই সংস্থাটি হল কেন্দ্রীয় সরকারের অধীনস্থ স্বশাসিত সিভিল সার্ভিস ট্রেনিং ইনস্টিটিউট। ১৯৫২ সালে এটি প্রতিষ্ঠিত হয়েছিল। *অ্যাচিভার্স*
5. (d) রো খান্না হলেন ইন্দো-মার্কিন রাজনীতিবিদ। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে তিনি আনুষ্ঠানিকভাবে গ্রন্থটি প্রকাশ করেছেন।
6. (a) ভারতের টেলিকম অপারেটর কোম্পানি এয়ারটেল সমুদ্রের তলা দিয়ে উচ্চগতির ইন্টারনেট প্রদানকারী কেবল নিয়ে যাওয়ার জন্য সাউথ ইস্ট এশিয়া-মিডল ইস্ট-ওয়েস্টার্ন ইউরোপ-৬ (SEA-ME-WE-6) এর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।
7. (b) ২১-২৫ ফেব্রুয়ারি যোধপুরের এয়ারফোর্স স্টেশনে ভারত ও ওমান বায়ুসেনা বাহিনীর মধ্যে যৌথ বায়ুসেনা মহড়া 'ইস্টার্ন ব্রিজ-VI' অনুষ্ঠিত হয়ে গেল। এটি উভয় দেশের মধ্যে অনুষ্ঠিত ষষ্ঠ বায়ুসেনা মহড়া। *অ্যাচিভার্স*
8. (c) চলচ্চিত্র জগতে সমগ্র জীবনের অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ দাদাসাহেব আন্তর্জাতিক চলচ্চিত্র পুরস্কার - ২০২২ এ ভূষিত হলেন আশা পারেখ। ভারতীয় চলচ্চিত্র অভিনেত্রী, পরিচালক ও প্রযোজক আশা পারেখকে কেন্দ্রীয় সরকার ১৯৯২ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছে।
9. (c) বিশকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনীকার ও বিশিষ্ট ঐতিহাসিক উমা দাশগুপ্ত এই গ্রন্থটি রচনা করেছেন। গ্রন্থটিতে রবীন্দ্রনাথের জীবনের নানা উল্লেখযোগ্য ঘটনা বর্ণনা করা হয়েছে। *অ্যাচিভার্স*
10. (b) বিবিধ ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক সংস্থা অ্যাডিডাসের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী টেনিস তারকা মনিকা বাত্রা। তিনি ২০১৮ সালের এশিয়ান গেমসে ব্রোঞ্জ মেডেল, ২০১৮ সালের কমনওয়েলথ গেমসে ২টি সোনা, ১টি রুপো ও ১টি ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন।
11. (b) অসমের বিশিষ্ট গান্ধী মতাদর্শী নেত্রী ও সমাজসেবিকা ছিলেন শকুন্তলা চৌধুরি। ১০২ বছর বয়সি এই মহিলা 'শকুন্তলা বাইদেও' নামে অধিক পরিচিত।
12. (b) জিম্মি সোনি হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের একজন বিশিষ্ট লেখক। তিনি দীর্ঘদিন The Huffington post এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। সম্প্রতি তিনি 'The Founders : The story of PayPal and The Entrepreneurs Who Shaped Silicon Valley' গ্রন্থটি প্রকাশ করেছেন।
13. (b) শ্রীলঙ্কান এয়ারলাইন্সের প্রাক্তন সিইও বিপুলা গুনাটিলেক্কা সম্প্রতি জেট এয়ারওয়েজের চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে নিযুক্ত হয়েছেন।

**এক নজরে জেট এয়ারওয়েজ:** *অ্যাচিভার্স*

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৯২ সাল।
☞ সদর কার্যালয় — দিল্লি।
☞ বর্তমান সিইও — সঞ্জীব কাপুর।

14. (a) ফিনল্যান্ডের অবসরপ্রাপ্ত আইস হকি খেলোয়াড় এন্মা ক্রিস্টিনা তেরহো সম্প্রতি ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটির অ্যাথলিট কমিশনের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি ১৯৯৮ এবং ২০১০ সালের অলিম্পিক গেমসে ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন।
15. (c) সম্প্রতি ইজরায়েল C-Dome নামক নৌবিমান প্রতিরক্ষা ব্যবস্থা চালু করেছে। সাধারণত যে কোনো আবহাওয়ায় স্বল্প পাল্লার রকেট এবং ক্ষেপণাস্ত্রগুলিকে আটকানোর জন্য এই প্রতিরক্ষা ব্যবস্থা চালু করেছে।

**এক নজরে ইজরায়েল:** *অ্যাচিভার্স*

☞ রাজধানী — জেরুজালেম।
☞ বর্তমান রাষ্ট্রপতি — আইজ্যাক হারজোগ।
☞ বর্তমান প্রধানমন্ত্রী — নাফতালি বেন্নেট।

16. (a) ৬-২৭ মার্চ ব্রিটিশ যুক্তরাজ্যের ওয়েডিংটনে অনুষ্ঠিত হয়ে গেল কোবরা ওয়ারিয়র - ২২ এক্সারসাইজ। ভারতের লাইট কমব্যাট এয়ারক্র্যাফট তেজস এতে অংশগ্রহণ করেছিল।

17. (d) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৯ ফেব্রুয়ারি সারা ভারতের বিভিন্ন শহর ও নগরের বিভিন্ন প্রান্তে ড্রোন থেকে কীটনাশক স্প্রে করার জন্য কিষাণ ড্রোন যাত্রার শুভ সূচনা করেছেন।

18. (b) সম্প্রতি কলকাতা আইএসআই-এর অভীজ্ঞ গণিতজ্ঞ অধ্যাপিকা নীনা গুপ্তা ২০২১ সালের 'রামানুজন প্রাইজ ফর ইয়ং ম্যাথেমেটিশিয়ান'-এ ভূষিত হলেন। অ্যাচিভার্স

19. (d) ২৪ ফেব্রুয়ারি ১৯৪৪ তারিখে চালু হওয়া সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড সল্ট অ্যাক্টের স্মরণে প্রতি বছর ২৪ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে সেন্ট্রাল এক্সাইজ ডে পালিত হয়।

20. (a) ভারতের কে এন রাঘবন ইন্টারন্যাশনাল রাবার স্টাডি গ্রুপের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ইন্ডিয়ান রাবার বোর্ডের এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত ছিলেন।

**এক নজরে ইন্টারন্যাশনাল রাবার স্টাডি গ্রুপ:**
- ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৪৪ সাল।
- ☞ সদর কার্যালয় — সিঙ্গাপুর।
- ☞ বর্তমান সেক্রেটারি জেনারেল — সালভাতোর পিনিজোট্টো।

21. (d) সদ্য প্রয়াত কে পি এ সি ললিতা একজন জনপ্রিয় মালয়ালম চলচ্চিত্র ও থিয়েটার অভিনেত্রী ছিলেন। সমগ্র কর্মজীবনে তিনি ৫৫০টিরও বেশি চলচ্চিত্রে অভিনয় করেছেন। তিনি ১৯৯০ ও ২০০০ সালে শ্রেষ্ঠ সহঅভিনেত্রী হিসাবে জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

22. (c) সঞ্জীব সান্যাল প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের পূর্ণ সময়ের সদস্য হিসাবে পরবর্তী ২ বছরের জন্য নিযুক্ত হলেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের প্রধান আর্থিক উপদেষ্টা হিসাবে কর্মরত ছিলেন।

23. (a) ন্যাশনাল ইনস্টিটিউট অফ আর্বান অ্যাফেয়ার্স (NIUA) সারা দেশজুড়ে 'Sustainable Cities India Program' কে বাস্তবায়িত করার জন্য দ্য ওয়ার্ল্ড ইকনমিক ফোরামের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

**এক নজরে ওয়ার্ল্ড ইকনমিক ফোরাম:**
- ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৭১ সাল।
- ☞ প্রতিষ্ঠাতা — ক্লজ সোয়াব।
- ☞ সদর কার্যালয় — কলোগ্নি, সুইৎজারল্যান্ড।

24. (a) কেন্দ্রীয় মন্ত্রীসভা গুজরাটের জামনগরে হু গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন (WHO GCTM) গড়ে তোলার জন্য অনুমোদন প্রদান করেছে। অ্যাচিভার্স

25. (b) ৩১ মার্চ থেকে হিন্দুস্থান ইউনিলিভার লিমিটেডের নন-এগজিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন নীতিন পরাঞ্জপে। প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি হিন্দুস্থান ইউনিলিভার লিমিটেডের পরিচালন বোর্ডের চেয়ারম্যান এবং এমডি অ্যান্ড সিইও পদ দুটিকে আলাদা করা হয়েছে।

26. (d) ঠান্ডা পানীয় প্রস্তুতকারক সংস্থা থামস আপের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন জনপ্রিয় বলিউড চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খান।

27. (c) সম্প্রতি প্রকাশিত 'The Great Tech Game : Shaping Geopolitics and The Destinies of Nations' নামক গ্রন্থটির রচয়িতা হলেন ভারতের বিশিষ্ট লেখক অনিরুদ্ধ সুরি।

28. (d) কেন্দ্রীয় মন্ত্রীসভা দিল্লি হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি ডি এন প্যাটেলকে টেলিকম ডিসপুট সেটেলমেন্ট অ্যান্ড অ্যাপিলিয়েট ট্রাইবুনালের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত করার অনুমোদন প্রদান করেছে। তিনি এই পদে পরবর্তী ৪ বছর নিযুক্ত থাকবেন। অ্যাচিভার্স

**এক নজরে ডি এন প্যাটেলের কর্মজীবন:**
- ☞ ২০০৪-২০০৯ — গুজরাট হাইকোর্টের বিচারপতি।
- ☞ ২০০৯-২০১৯ — ঝাড়খণ্ড হাইকোর্টের বিচারপতি।
- ☞ ৭ জুন ২০১৯ - ১২ মার্চ ২০২২ — দিল্লি হাইকোর্টের প্রধান বিচারপতি।

29. (b) সম্প্রতি FMCG কোম্পানি হিন্দুস্থান ইউনিলিভারের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন সঞ্জীব মেহেতা।

30. (b) প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভারতের বিশিষ্ট অর্থনীতিবিদ বিবেক দেবরায়। তিনি ২০১৫-২০১৯ সাল পর্যন্ত নীতি আয়োগের সদস্য হিসাবে নিযুক্ত ছিলেন। কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০১৫ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

31. (d) গ্লোবাল ইনোভেশন পলিসি সেন্টার অফ ইউএস চেম্বার অফ কমার্স কর্তৃক প্রকাশিত ২০২২ সালের ইন্টারন্যাশনাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি ইনডেক্সে ভারত ৪৩তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, দ্বিতীয় স্থানে ব্রিটিশ যুক্তরাজ্য এবং তৃতীয় স্থানে রয়েছে জার্মানি।

32. (c) ফেব্রুয়ারি ২০২২ এর তথ্য অনুযায়ী প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনায় মোট ১১.৭৮ কোটি কৃষককে ১.৮২ লক্ষ কোটি টাকা কৃষকদের প্রদান করা হয়েছে।

**এক নজরে পি এম কিষাণ সম্মান নিধি যোজনা:**
- ☞ চালু হয়েছে — ১ ফেব্রুয়ারি, ২০১৯। অ্যাচিভার্স
- ☞ মন্ত্রক — কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক।
- ☞ আর্থিক অনুদান — বছরে ৬ হাজার টাকা প্রতি কৃষককে।

33. (a) ২৫-২৮ (পোতাশ্রয় পর্ব), ১-৪ মার্চ (সমুদ্র পর্ব) পর্যন্ত ভারতের বিশাখাপত্তনমে অনুষ্ঠিত হয়ে গেল বহুপাক্ষিক নৌমহড়া 'মিলন - ২০২২'। এবারের এই মহড়ার থিম হল— 'Camaraderie - Cohesion - Collaboration'।

34. (a) টেলিকম অপারেটর ভারতী এয়ারটেল লিমিটেড ভারতের বৃহত্তম মোবাইল টাওয়ার ইনস্টলেশন কোম্পানি ইন্দাস টাওয়ারের ৪.৭% শেয়ার অধিগ্রহণ করার জন্য ভোডাফোন আইডিয়ার সঙ্গে এক যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

35. (c) কিংবদন্তী ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ ডিটিএইচ পরিষেবা প্রদানকারী সংস্থা ডিশ টিভি ইন্ডিয়া লিমিটেডের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন।

**এক নজরে ডিশ টিভি ইন্ডিয়া লিমিটেড:** অ্যাচিভার্স
- ☞ প্রতিষ্ঠাকাল — ২০০৩ সাল।
- ☞ সদর কার্যালয় — নয়ডা, উত্তরপ্রদেশ।
- ☞ বর্তমান সিএমডি — জহর গোয়েল।

36. (d) সম্প্রতি প্রকাশিত ইন্টারন্যাশনাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি ইনডেক্স - ২০২২ এর তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, দ্বিতীয় স্থানে ব্রিটিশ যুক্তরাজ্য, তৃতীয় স্থানে জার্মানি। ভারত এই তালিকায় ৪৩তম স্থানে রয়েছে।

37. (a) ২৭ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে ন্যাশনাল প্রোটিন ডে উদযাপিত হল। প্রোটিনের ঘাটতি সম্পর্কে জনসচেতনতা তৈরি করা এবং মানুষকে তাঁদের খাদ্যে ম্যাক্রোনিউট্রিয়েন্ট অন্তর্ভুক্ত করার উৎসাহ সৃষ্টি করতে এই দিবস পালন করা হয়। এবছরের থিম হল— 'Food Futurism'। অ্যাচিভার্স

38. (c) ২১-২৬ ফেব্রুয়ারি মেক্সিকোতে অনুষ্ঠিত মেক্সিকান ওপেন টেনিস টুর্নামেন্টে স্পেনের রাফায়েল নাদাল পুরুষদের সিঙ্গলসে ব্রিটিশ যুক্তরাজ্যের ক্যামেরুন নরি'কে ৬-৪, ৬-৪ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

39. (a) কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোয়াল বিশখাপত্তনমে ড্রেজিং মিউজিয়াম 'নিকর্ষণ সদন'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন।

40. (d) ২৮ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে পালিত হওয়া জাতীয় বিজ্ঞান দিবসের এবছরের থিম হল— 'Integrated Approach in S&T For Sustainable Future'।

41. (a) ভারতের কিংবদন্তী উশু খেলোয়াড় সাদিয়া তারিক ২৫ ফেব্রুয়ারি মস্কোয় অনুষ্ঠিত উশু স্টার্স চ্যাম্পিয়নশিপে জুনিয়র বিভাগে সোনার মেডেল জয়লাভ করেছেন।

42. (b) সম্প্রতি মাধবী পুরি বাচ সেবি'র প্রথম মহিলা এবং সর্বকনিষ্ঠ চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী অজয় ত্যাগীর স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

**এক নজরে সেবি:**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৮৮ সাল।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

43. (d) কেন্দ্রীয় রাসায়নিক ও সার মন্ত্রক ১-৭ মার্চ সারা দেশজুড়ে জনৌষধি দিবস সপ্তাহ উদযাপন করল।

44. (a) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র সম্প্রতি ফিনটেক কোম্পানি মহাগ্রামের সহযোগিতায় ওড়িশায় 'ব্যাঙ্ক সখী' নামে এক স্কিম চালু করেছে। গ্রামীণ আর্থিক অন্তর্ভুক্তি ক্ষেত্রে পরিকাঠামোগত উন্নয়নের জন্য মহাগ্রাম সংস্থাটি ব্যাঙ্ক অফ মহারাষ্ট্রকে সাহায্য করবে। অ্যাচিভার্স

45. (c) ১ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'জিরো ডিসক্রিমিনেশন ডে'-র এবছরের থিম হল— 'Remove laws that harm, create laws that empower'।

46. (a) সম্প্রতি দিল্লিতে ভারতের প্রথম ই-ওয়েস্ট ইকো পার্ক গড়ে উঠল। এই পার্কের মোট আয়তন হল ২০ একর। সমগ্র বছর ধরে প্রায় ২ লক্ষ টন ই-ওয়েস্টকে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে পুনর্ব্যবহারযোগ্য করে তোলার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

47. (c) তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনের আত্মজীবনীমূলক গ্রন্থ 'One Among You' প্রকাশিত হয়েছে। গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেছেন বিশিষ্ট কংগ্রেস দলনেতা রাহুল গান্ধী।

48. (a) ভারতের প্রথম চেন্নাই শহরে পথপ্রাণীদের জন্য অ্যাম্বুলেন্স পরিষেবা চালু হল। আন্তর্জাতিক প্রাণীকল্যাণ সংস্থা Four Paw এর সহায়তায় ব্লু ক্রস অফ ইন্ডিয়া সংস্থাটি এই পরিষেবা চালু করেছে।

49. (b) কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক ইউনিসেফের সহায়তায় 'ব্যাক টু স্কুল' নামক এক কর্মসূচী চালু করেছে। স্কুল ছুট কন্যা শিশুদের স্কুলে ফিরিয়ে নিয়ে আসার ওপর লক্ষ্য রেখে এই কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

50. (d) ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তী ক্রিকেটার সোন্নি রামাধিন সমগ্র ক্রিকেট জীবনে ৪৩টি টেস্টে ১৫৮টি উইকেট ও ৩৬১ রান সংগ্রহ করেছেন। তিনি ১০টি টেস্টে ৫টি করে উইকেট নেওয়ার কৃতিত্ব অর্জন করেছেন। অ্যাচিভার্স

51. (c) সম্প্রতি রাজস্থানের জয়শলমীরে ভারতীয় বায়ুসেনা কর্তৃক আয়োজিত 'বায়ু শক্তি- ২০২২' নামক বায়ুসেনা মহড়া অনুষ্ঠিত হয়ে গেল। ভারতীয় বিমানবাহিনীর মোট ১৪৮টি যুদ্ধবিমান এতে অংশগ্রহণ করেছিল।

**এক নজরে ভারতীয় বায়ুসেনাবাহিনী:**

☞ গঠনকাল –- ১৯৩২ সাল (তৎকালীন নাম রয়াল ইন্ডিয়ান এয়ারফোর্স)।

☞ ভারতীয় বায়ুসেনাবাহিনীর গঠনকাল — ২৬ জানুয়ারি ১৯৫০।

☞ সদর কার্যালয় — নতুন দিল্লি। অ্যাচিভার্স

52. (a) ২৬ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ মিশরের কায়রো অনুষ্ঠিত আইএসএসএফ ওয়ার্ল্ড কাপে পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার মেডেল জয়লাভ করেছেন ভারতের সৌরভ চৌধুরি। ভারতীয় শুটাররা এই প্রতিযোগিতায় ৪টি সোন, ২টি রুপো এবং ১টি ব্রোঞ্জসহ মোট ৭টি মেডেল জয়লাভ করেছে।

53. (d) সম্প্রতি ভারতের অন্যতম বৃহত্তম চলচ্চিত্র প্রোডাকশন হাউস যশরাজ ফিল্মসের সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন অক্ষয় উইহানি। প্রসঙ্গত উল্লেখ্য, যশরাজ ফিল্মস ১৯৭০ সালে যশরাজ চোপড়া কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছে।

54. (b) ৩ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত 'ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ডে'-র এবছরের থিম হল— 'Recovering Key Species for Ecosystem Restoration'।

55. (a) সম্প্রতি টাটা মোটরস কোম্পানি গ্রামীণ গ্রাহকদের জন্য বাড়িতে বসে গাড়ি ক্রয় করার পরিষেবা দিতে 'অনুভব' নামক মোবাইল কার শোরুম চালু করেছে। প্রাথমিক অবস্থায় সারা দেশজুড়ে মোট ১০৩টি মোবাইল শোরুম চালু হয়েছে।

**এক নজরে টাটা মোটরস:** অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠাতা — জে আর ডি টাটা।

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৪৫ সাল।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

56. (d) লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশনের চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে নিযুক্ত হলেন সুনীল আগরওয়াল।

**এক নজরে এলআইসি:**
- ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৫৬ সাল। অ্যাচিভার্স
- ☞ সদর কার্যালয় — মুম্বাই।
- ☞ বর্তমান চেয়ারম্যান — এম আর কুমার।

57. (a) ১ মার্চ এলআইসি মিউচুয়াল ফান্ডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন টি এস রামাকৃষ্ণান। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৯ সালে ২০ এপ্রিল এলআইসি মিউচুয়াল ফান্ড প্রতিষ্ঠিত হয়েছে।

58. (a) সম্প্রতি প্রয়াত জয়প্রকাশ চোকসি একজন বিশিষ্ট চলচ্চিত্র সমালোচক ও লেখক ছিলেন। তিনি বেশ কয়েকটি চলচ্চিত্রে স্ক্রিপ্ট রচনা করেছেন।

59. (c) ফিকি ওয়াটার অ্যাওয়ার্ডসের ‘স্পেশাল জুরি অ্যাওয়ার্ড’ বিভাগে পুরস্কৃত হয়েছে ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা। এই প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় সরকারের জলশক্তি মন্ত্রকের অধীনস্থ জলসম্পদ, নদী উন্নয়ন ও গঙ্গা পুনরুজ্জীবন বিভাগের অধীনস্থ একটি সংস্থা। এটি ২০১১ সালের ১২ আগস্ট গঠিত হয়েছে।

60. (c) ভারতের বৃহত্তম টু হুইলার উৎপাদনকারী সংস্থা মোটো কর্প খুব শীঘ্রই Vida নামক ইলেকট্রিক ভেহিকেল বাজারে আনতে চলেছে।

**এক নজরে হিরো মোটো কর্প:** অ্যাচিভার্স
- ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৮৪ সাল।
- ☞ প্রতিষ্ঠাতা — ব্রিজমোহনলাল মুঞ্জল।
- ☞ সদর কার্যালয় — নতুন দিল্লি।

61. (c) শেন ওয়ার্ন অস্ট্রেলিয়ার কিংবদন্তী ক্রিকেটার ছিলেন। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ১৪৫টি টেস্ট ম্যাচে ৭০৮টি উইকেট ও ৩১৫৪ রান, ১৯৪টি একদিবসীয় ম্যাচে ২৯৩টি উইকেট ও ১০১৮ রান সংগ্রহ করেছেন। তিনি সমগ্র টেস্ট ক্রিকেট জীবনে ৩৭টি ইনিংসে ৫টি করে উইকেট ও ১০টি ইনিংসে ১০টি উইকেট সংগ্রহ করার কৃতিত্ব অর্জন করেছেন।

62. (d) ৪ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত ওয়ার্ল্ড ওবেসিটি ডে’-র এবছরের থিম হল— 'Everybody needs to Act'।

63. (d) বিশিষ্ট বলিউড চলচ্চিত্র অভিনেত্রী বিদ্যা বালান ভারতী এক্সা লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানির বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন। তিনি এপর্যন্ত ছয়বার ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। ২০১৪ সালে ভারত সরকার তাঁকে পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছে।

64. (c) সম্প্রতি ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ডেপুটি চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন নীতিন চুঘ। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে কর্মরত ছিলেন।

65. (a) কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী শ্রমযোগী মানধন যোজনার আওতায় অর্থ সঞ্চয় করার জনসচেতনতা গড়ে তুলতে সম্প্রতি 'Donate-a-Pension' নামক এক প্রচারাভিযান কর্মসূচী চালু করেছেন। অ্যাচিভার্স

**এক নজরে প্রধানমন্ত্রী শ্রমযোগী মানধন যোজনা:**
- ☞ আওতাধীন ব্যক্তি — অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকগণ।
- ☞ বয়সের মাপকাঠি — ১৮-৪০ বছর।
- ☞ মাসিক আয় — ১৫ হাজার টাকা বা তার নীচে।
- ☞ মাসিক পেনশন — প্রতি মাসে ৩ হাজার টাকা (মেয়াদ শেষে)।

66. (c) ৮ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া আন্তর্জাতিক নারী দিবসের এবছরের থিম হল— 'Gender Equality Today for a Sustainable Tomorrow'। অ্যাচিভার্স

67. (a) ইরানের ইসলামিক রিভোলিউশনারি গার্ড ক্রপস সম্প্রতি নূর-২ নামক মিলিটারি স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ করেছে। এটি পৃথিবী থেকে ৫০০ কিলোমিটার দূরে কক্ষপথ বরাবর অবস্থান করবে।

68. (d) NSDL Payments bank সম্প্রতি Tone Tag সফটওয়্যারের সহায়তায় VoiceSec UPI Payments Service চালু করেছে। মোবাইল ফোন ব্যবহারকারীরা এর সাহায্যে আর্থিক লেনদেন করতে পারবে।

69. (b) ফিকি লেডিজ অর্গানাইজেশন (FLO) কর্তৃক নিয়ন্ত্রিত এবং সম্পূর্ণ মহিলা দ্বারা পরিচালিত ইন্ডাস্ট্রিয়াল পার্ক গড়ে উঠল তেলেঙ্গানার হায়দরাবাদে।

**এক নজরে ফিকি লেডিজ অর্গানাইজেশন:**
- ☞ নিয়ন্ত্রক সংস্থা — ফিকি।
- ☞ সদর কার্যালয় — নতুন দিল্লি। অ্যাচিভার্স
- ☞ বর্তমানে এর অন্তর্ভুক্ত নারী উদ্যোক্তা — ৮০০০ জন।

70. (d) প্রতি বছর মার্চ মাসের দ্বিতীয় বৃহস্পতিবার সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড কিডনি ডে পালিত হয়। ২০২২ সালে এই দিনটি ১০ মার্চ উদযাপিত হয়েছে। এবছরের থিম হল— 'Kidney Health for All : Bridge the Knowledge gap to better Kideny care'।

71. (d) ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল সেরাজ্যের দ্বিতীয় কন্যা সন্তানের জন্মদাত্রী মায়েদের ৫০০০ টাকা করে আর্থিক সাহায্য দানের জন্য কৌশল্যা মাতৃত্ব যোজনা চালু করেছেন।

72. (b) দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি হিসাবে ইউন সুক-ইওল পূর্ববর্তী পদাধিকারী মুন জা-ইনের স্থলাভিষিক্ত হলেন।

73. (a) হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর সেরাজ্যের মহিলা উদ্যোগপতিদের আর্থিক সাহায্যদানের জন্য ‘হরিয়ানা মাতৃশক্তি উদয়মিতা স্কিম’ চালু করেছেন।

74. (b) বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক মহিলাদের কর্মক্ষেত্রে পুনরায় ফিরিয়ে আনার জন্য সম্প্রতি HouseWorkIsWork কর্মসূচী গ্রহণ করেছে। এই পরিষেবাটি মূলত শহরাঞ্চলের শিক্ষিতা মহিলাদের জন্য।

75. (b) প্রশ্নে প্রদত্ত সংস্থাগুলির মধ্যে সেবি, আরবিআই এর অধীনস্থ অল ইন্ডিয়া ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের অন্তর্ভুক্ত নয়। বর্তমানে অল ইন্ডিয়া ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের অন্তর্ভুক্ত সংস্থাগুলি হল — EXIM Bank, NABARD, NHB, SIDBI, NaBFID। অ্যাচিভার্স

76. (b) সুপ্রিম কোর্ট চারধাম মহামার্গ বিকাশ পরিযোজনা বিষয়ে পর্যালোচনা করা ও দেখভাল করার উদ্দেশ্যে গঠিত হাই পাওয়ার কমিটির চেয়ারপার্সন হিসাবে এ কে সিক্রিকে নিযুক্ত করল।

77. (a) কেন্দ্রীয় সরকার ইন্সিয়োরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে দেবাশিস পণ্ডাকে নিযুক্ত করার সুপারিশ করল। এই পদে তিনি পূর্ববর্তী পদাধিকারী সুভাষচন্দ্র খুন্টিয়ার স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

78. (c) সম্প্রতি হরিয়ানা রাজ্য সরকার প্রয়াত রাজনীতিবিদ সুষমা স্বরাজের স্মৃতির উদ্দেশ্যে 'সুষমা স্বরাজ অ্যাওয়ার্ড' চালু করতে চলেছে। জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে নারীদের উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার প্রদান করা হবে।

79. (a) রত্নাকর শেট্টি ভারতের ক্রিকেট পরিচালন সংস্থা বিসিসিআই -এর প্রথম এবং দীর্ঘসময় ব্যাপী দায়িত্ব পালন করা চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ছিলেন।

80. (a) মহম্মদ রফিক তারার পাকিস্তানের একজন বিশিষ্ট রাজনীতিবিদ ও আইনজীবী ছিলেন। যিনি ১৯৯৮-২০০১ সাল পর্যন্ত সেদেশের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৯১-১৯৯৪ সাল পর্যন্ত পাকিস্তান সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিও ছিলেপ। অ্যাচিভার্স

81. (a) সম্প্রতি অজয়ভূষণ পাণ্ডে ন্যাশনাল ফিনান্সিয়াল রিপোর্টিং অথরিটির চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন।

82. (c) সোলি সোরাবজি ছিলেন ভারতের প্রাক্তন অ্যাটর্নি জেনারেল। সম্প্রতি বিশিষ্ট আইনজীবী অভিনব চন্দ্রচূড় সোলি সোরাবজির জীবনী সম্বলিত এক জীবনী গ্রন্থ রচনা করেছেন।

83. (a) ১১ মার্চ চিলির ৩৬তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন গ্যাব্রিয়েল বোরিক ফন্ট। তিনি হলেন সেদেশের সর্ব কনিষ্ঠ রাষ্ট্রপতি।

84. (a) ভারতীয় রেলের ইস্টার্ন রেলওয়ে জোনের আসানসোল ডিভিশনের পিএম গতি শক্তি প্রোগ্রামের আওতায় গতিশক্তি মাল্টি মোডাল কার্গো টার্মিনাল গড়ে তুলেছে।

85. (b) সম্প্রতি এয়ার ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযক্ত হলেন টাটা সন্স প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান এন চন্দ্রশেখরণ।

86. (d) ভারতের কিংবদন্তী ক্রিকেটার শ্রেয়শ আইয়ার আইসিসি মেনস প্লেয়ার অফ দ্য মান্থ (ফেব্রুয়ারি)-২০২২ পুরস্কারে ভূষিত হলেন। ফেব্রুয়ারি মাসে মহিলাদের বিভাগে পুরস্কৃত হয়েছেন নিউজিল্যান্ডের অ্যামিলিয়া কের।

87. (c) সম্প্রতি প্রয়াত কুমুদবেন মণিশংকর যোশী একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। অ্যাচিভার্স

**তাঁর কর্মজীবন হল—**

☞ ১৯৮০-৮২ — কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী।
☞ ১৯৮২-৮৪ — কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী।
☞ ১৯৮৫-৯০ — অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল।
☞ ১৯৭৩-৮৫ — রাজ্যসভার সাংসদ।

88. (a) সদ্য প্রয়াত সন্দীপ নাঙ্গাল ভারতের কিংবদন্তী কবাডি খেলোয়াড় ছিলেন। তিনি ভারতের পাশাপাশি ব্রিটিশ যুক্তরাজ্য কবাডি টিমের ক্যাপ্টেন হয়ে অনেক ওয়ার্ল্ড কবাডি টুর্নামেন্টে অংশগ্রহণ করেছেন।

89. (c) ১৭ মার্চ হাঙ্গেরির রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভ করলেন ফিদেস পার্টির দলনেত্রী ক্যাটালিন ইভা নোভা। তিনি হাঙ্গেরির রাজনৈতিক ইতিহাসে প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন। অ্যাচিভার্স

90. (a) সম্প্রতি টয়োটা কোম্পানি ভারতে প্রথম Fuel Cell Electric Vehicle চালু করেছে। যেটি সম্পূর্ণ হাইড্রোজেন শক্তি দ্বারা চালিত।

91. (c) ১৬ মার্চ পাঞ্জাবের ১৭তম মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন ভগবন্ত সিং মান। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে লোকসভার সদস্য ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এবারের বিধানসভা নির্বাচনে ভগবন্ত সিং মানের নেতৃত্বাধীন আম আদমি পার্টি মোট ১১৭টি আসনের মধ্যে ৯২টি আসনে জয়লাভ করে সরকার গঠনের জন্য সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে।

92. (a) খুব শীঘ্রই হরিয়ানার গুরুগ্রামে ভারতের প্রথম ওয়ার্ল্ড পিস সেন্টার গড়ে উঠতে চলেছে। এই সেন্টারের মুখ্য উদ্দেশ্য হল মানুষের মানসিক ও চরিত্রগত বিকাশের মাধ্যমে সমগ্র বিশ্বে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা করা।

93. (d) ভারতের অন্যতম বৃহত্তম বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক ২০২১ সালের আইএফআর এশিয়া অ্যাওয়ার্ড ফর এশিয়ান ব্যাঙ্ক অফ দ্য ইয়ার-এ পুরস্কৃত হয়েছে। অ্যাচিভার্স

94. (a) ১৬ মার্চ পুয়ের্টোরিকোতে আয়োজিত ২০২১ সালের মিস ওয়ার্ল্ড প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্বের শিরোপাতে ভূষিত হলেন পোল্যান্ডের ক্যারোলিনা বিলাওয়াস্কা। এই প্রতিযোগিতায় ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন মনসা বারাণসী।

95. (d) বিশিষ্ট অধ্যাপক নারায়ণ প্রধান ২০২২ সালের জি ডি বিড়লা অ্যাওয়ার্ড ফর সায়েন্টিফিক রিসার্চে ভূষিত হয়েছেন। বস্তু বিজ্ঞানে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

96. (b) ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া কম মূল্যের আর্থিক লেনদেনের জন্য সম্প্রতি UPI Lite-On-Device Wallet পরিষেবা চালু করেছে।

97. (a) সম্প্রতি প্রকাশিত রাষ্ট্রসংঘের ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট - ২০২২ অনুযায়ী ভারত ১৩৬তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথমের দিকে থাকা দেশগুলি হল যথাক্রমে (১) ফিনল্যান্ড, (২) ডেনমার্ক, (৩) আইসল্যান্ড, (৪) সুইৎজারল্যান্ড, (৫) নেদারল্যান্ড।

98. (b) রাজেশ গোপীনাথন সম্প্রতি TCS-এর এমডি এবং সিইও হিসাবে পরবর্তী ৫ বছরের জন্য পুনর্নিযুক্ত হলেন।

99. (c) ন্যাটো ১০ মার্চ থেকে ১০ এপ্রিল নরওয়েতে 'কোল্ড রেসপন্স- ২০২২' সামরিক মহড়া আয়োজন করল। মোট ৩০ হাজার সৈন্য, ২২০টি এয়ারক্র্যাফট এবং ৫০টিরও বেশি ভেসেল এতে অংশ নিয়েছিল।

100. (b) এশিয়ান ক্রিকেট কাউন্সিলের বর্তমান প্রেসিডেন্ট হলেন জয় শাহ।

**এক নজরে এশিয়ান ক্রিকেট কাউন্সিল:** অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৮৩ সাল।
☞ সদর কার্যালয় — কলম্বো, শ্রীলঙ্কা।
☞ বর্তমান সদস্য সংখ্যা — ২৫টি।
☞ বর্তমান চেয়ারম্যান — অমিতাভ চৌধুরি।

★★★